

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৬৬. আমি আল্লাহর প্রতি পরিপূর্ণ ঈমান রাখি

যে সকল বিষয় ঈমানদারদের সুখ বয়ে আনে তার মধ্যে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বিষয় হলো আল্লাহর মুখাপেক্ষী হওয়া, তার উপর নির্ভর করা, তার প্রতি বিশ্বাস রাখা ও তার রক্ষণাবেক্ষণে সম্ভুষ্ট থাকা।

"তার মতো কোন কিছুর কথা কি তুমি জান?" (১৯-সূরা মারইয়ামঃ আয়াত-৬৫)

"নিশ্চয় আল্লাহই আমার অভিভাবক যিনি কুরআন অবতীর্ণ করেছেন এবং তিনি সৎকর্মশীলদের অভিভাবকত্ব করেন।" (৭-সূরা আল আরাফঃ আয়াত-১৯৬)

"জেনে রাখ! নিশ্চয় আল্লাহর বন্ধুদের কোন ভয় নেই এবং তারা হতাশও হবেন না।" (১০-সূরা ইউনুসঃ আয়াত-৬২)

আল্লাহর বন্ধু তারাই যারা (মু'মিন, মুসলিম) আল্লাহর একত্ববাদে বিশ্বাস করে এবং আল্লাহকে অত্যন্ত ভয় করে, সকল প্রকার পাপ ও মন্দ কাজ যা আল্লাহ করতে নিষেধ করেছেন তা থেকে বিরত থাকে এবং আল্লাহকে অত্যন্ত ভালোবাসে এবং আল্লাহ যে সব ভালোকাজ করতে আদেশ করেছেন তা সম্পাদন করে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7675

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন